দৈনিক সংবাদ

তারিখ 08 AUG 1988
পৃষ্ঠা ৮ কলাম ৭

031

ঢাকা, সোমবার, ২৩শে শ্রাবণ, ১৩৯৫

# সাতক্ষীরায় ১০ হাজার ছাত্রের হাতে বই পৌঁছেনি

সাতক্ষীরা, ৭ই আগষ্ট (নিজস্ব সংবাদদাতা) ।---জুলাই মাস শেষ হলেও সাতক্ষীরা জেলার প্রায় ১০ হাজার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের হাতে বিনামূল্যের বই পৌছেনি। গত ১লা আগষ্ট পর্যন্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসের রিপোর্ট অনুযায়ী জেলার ১ লাখ ৬১ হাজার ৯শ' ছাত্রছাত্রীর জন্যে বই বিতরণ হয়েছে ১ লাখ ৫১ হাজার ৮শ' ৯১ সেট। সব মিলিয়ে ছাত্রছাত্রী অনুযায়ী বই বিতরণে ঘাটতি রয়েছে ১০ হাজার ১শ' ৯ সেট।

সাতক্ষীরা জেলায় সরকারী ও বেসরকারী (অনুমোদিত) প্রাথমিক বিদ্যালয়ে মোট ছাত্রছাত্রীর সংখ্যা যথাক্রমে ১ লাখ ৪১হাজার ৯শ' ১৫ জন ও ১৯ হাজার ৯শ' ৮৫ জন। ৭টি উপজেলা শিক্ষা অফিস থেকে গত মে-'৮৮ মাসে প্রদত্ত রিপোর্ট অনুযায়ী (জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রাপ্ত) জেলায় প্রথম শ্রেণীতে মোট ছাত্রছাত্রী রয়েছে ৪৫হাজার ১শ' ৩ জন, দ্বিতীয় শ্রেণীতে ৩৮ হাজার ৭শ' ৭৯ জন, তৃতীয় শ্রেণীতে ৩৩ হাজার ৫শ' ৪১ জন, ৪র্থ শ্রেণীতে ২৫ হাজার ১শ' ৮০ জন এবং ৫ম শ্রেণীর ছাত্রছাত্রীর সংখ্যা ১৯ হাজার ১শ' ৯৭ জন। গত ১লা আগষ্ট ৮৮ পর্যন্ত বই বিতরণ হয়েছে যথাক্রমে ৪২ হাজার ৭শ' ৩১ সেট, ৩৪ হাজার ১শ' ২৬ সেট, ৩১ হাজার ৮শ' ১৪ সেট, ২৪ হাজার ৫শ' ৬ সেট, এবং ৫ম শ্রেণীতে বিতরণ করা হয়েছে ১৮ হাজার ৭শ' ১৪ সেট। এ বছর সব মিলিয়ে জেলায় প্রাপ্ত বইয়ের সংখ্যা ১ লাখ ৪৮ হাজার ৭শ' ৯৯ সেট এবং গত বছরের উদ্বৃত্ত বই বিতরণ করা হয় ১৩ হাজার ৯২ সেট। সব মিলিয়ে বই বিতরণ হয়েছে ১ লাখ ৫১ হাজার ৮শ' ৯১ সেট। বই বিতরণে ঘাটতি ১০ হাজার ১শ' ৯ সেট।

এ বিষয়ে গত ১লা আগষ্ট জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বলেন, উপজেলা শিক্ষা অফিস থেকে প্রদত্ত ছাত্র-ছাত্রীদের হিসাব অনেক বেশি করে দেখানো হয়েছে। বাস্তবে জেলায় এত বেশী ছাত্রছাত্রী লেখাপড়া করে না বলে তিনি এই প্রতিনিধির নিকট দাবী করেন।

উল্লেখ্য, গত ২৫শে জুন দৈনিক সংবাদ-এ 'তালায় ৩ হাজার ছাত্রের হাতে বই পৌছেনি' শীর্ষক খবর প্রকাশিত হওয়ার পরে তদন্ত শেষে গত ২রা জুলাই ছাত্রছাত্রীদের মাঝে পুনরায় বই বিতরণ করা হয়।